Office of School Health/
28-11 Queens Plaza North, Room 402, Long Island City NY 11101

প্রাপক: নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের ছেলেমেয়েদের পিতামাতা

প্রেরক: Julia Sykes *JS*
ডিপার্টমেন্ট অভ এডুকেশন ইম্যুনাইজেশন প্রোগ্রাম

সূত্র: বাধ্যতামূলক ইম্যুনাইজেশন থেকে অব্যাহতির অনুরোধ

নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ ল অনুযায়ী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে অবশ্যই নিম্নলিখিত রোগসমূহের প্রতিষেধক নিতে হবে: ডিপথেরিয়া, পারটুসিস, টিটেনাস, পোলিও, মিজলস্, মাম্পস্, রুবেলা, ভারিসেলা, নিউমোকক্কাল কনজুগেট (পিসিভি), হেপাটাইটিস বি এবং হেমোফিলিয়াস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি (এইচআইবি)।

গবেষণায় দেখা দেখে যে, শিক্ষার্থী প্রতিষেধক গ্রহণ করে না, প্রতিষেধকে প্রতিরোধযোগ্য রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা তার অধিক। যেহেতু কোন প্রতিষেধকই ১০০% কার্যকর নয়, তাই প্রতিষেধক গ্রহণ না করা ছেলেমেয়ের সংস্পর্শে আসায় কোন কোন প্রতিষেধক গ্রহণকারী ছেলেমেয়েও আক্রান্ত হতে পারে। প্রতিষেধক গ্রহণ না করা ছেলেমেয়ে আছে যে স্কুলগুলোতে, সেগুলোতে এসব রোগের প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ার সম্ভাবনা অধিক বেশি।

কখনও যদি আপনার সন্তানের স্কুলে প্রতিষেধকে প্রতিরোধযোগ্য রোগ ছড়িয়ে পড়ে এবং আপনার সন্তান যদি সে রোগের আবশ্যিক প্রষেধক না নিয়ে থাকে, আপনার সন্তানকে কমপক্ষে এক ইনকিউবেশন (অণ্ডস্ফোটন) পর্ব স্কুলে আসা বারণ করার অধিকার ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন সংরক্ষণ করে। উদাহরণস্বরূপ, যদি কারো মিজলস্ (হাম) আছে বলে নির্ণীত হয়, তাহলে মিজলস্ প্রতিষেধক গ্রহণ না করা শিক্ষার্থীকে রোগবিস্তারকালে এবং স্কুলে সর্বশেষ সংক্রমণের ঘটনার পরবর্তী ১৮ দিন পর্যন্ত স্কুলে আসা বারণ করা হবে।

পাবলিক হেলথ আইনের ২১৬৪ অনুচ্ছেদ বাধ্যতামূলক প্রতিষেধক গ্রহণের শর্তের নিম্নলিখিত দুইটি ব্যতিক্রমের অনুমোদন প্রদান করে:

(1) যদি পিতামাতা এমন প্রকৃত ও আন্তরিক ধর্মীয় বিশ্বাস লালন করেন যা সন্তানের বাধ্যতামূলক প্রতিষেধক গ্রহণের শর্তের সাথে বিরোধাত্মক হওয়ার কারণে প্রতিষেধক গ্রহণে বিরোধীতা করেন; কিংবা
(2) কোন একটি প্রতিষেধক সন্তানের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর বলে যদি নিউ ইয়র্ক স্টেটের কোন লাইসেন্সধারী চিকিৎসক প্রত্যয়ন করেন।

ধর্মীয় ছাড়

আপনি যদি সন্তানের জন্য ধর্মীয় ছাড় পেতে চান, তাহলে আপনাকে অবশ্যই প্রতিষেধক গ্রহণের সাথে বিরোধপূর্ণ ধর্মীয় বিশ্বাসের ভিত্তি উল্লেখ করে একটি লিখিত ব্যাখ্যা প্রদান করতে হবে। আপনার নিজের ভাষায় ধর্মীয় নীতিটির ব্যাখ্যা দিন যা প্রতিষেধক গ্রহণ না করতে আপনাকে নির্দেশ দেয়। এছাড়াও, আপনি সকল প্রতিষেধক গ্রহণের বিরোধীতা করছেন, তা উল্লেখ করুন, যদি তা না হয়, তাহলে নির্দিষ্ট প্রতিষেধকবিরোধী ধর্মীয় ব্যাখ্যা দিন।

আপনার নির্দিষ্ট একটি বিশ্বাস আছে, সরলভাবে সেটা ব্যাখ্যা করে আপনার, কোন আইনজীবী বা ধর্মগুরুর, বা অন্য কোন ব্যক্তির দেওয়া চিঠি ধর্মীয় ছাড় লাভের আবেদন মঞ্জুরের পক্ষে সমর্থন লাভের জন্য অপর্যাপ্ত।

ছাড় পাওয়ার আবেদনের সমর্থনে আপনার জমা দেওয়া তথ্য সিদ্ধান্ত গ্রহণের জন্য যথেষ্ট না হয়, আপনাকে চিঠি প্রাপ্তির দশ স্কুল দিবসের মধ্যে বাড়তি কাগজপত্র জমা দিতে বলা হতে পারে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, পাবলিক হেলথ ল কোন ব্যক্তিগত, নৈতিক, ইহজাগতিক, বা দার্শনিক বিশ্বাসের কারণে ছাড় লাভের আবেদন মঞ্জুরের অনুমোদন দেয় না।

ধর্মীয় ছাড়-এর সমর্থনে দেওয়া সকল নথি জমা দিতে হবে স্কুলের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে। ঐ ব্যক্তি আপনার আবেদনপত্র ও সকল নথি বিএফএসসি হেলথ ডিরেক্টরের অফিসে ও অফিস অব স্কুল হেলথ-এ প্রেরণ করবেন। এরপর আপনার অনুরোধ পর্যালোচনা করা হবে এবং এ ব্যাপারে অনুমোদন বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত জানান। কোন প্রশ্ন থাকলে আমার সাথে ফোনে 718-391-8383 নম্বরে কিংবা JSykes@schools.nyc.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

ধর্মীয় ছাড়-এর আপিল প্রক্রিয়া

-আপনার সন্তানকে যদি ছাড়-এর অনুমোদন দেওয়া না হয়, তাহলে আপনার আবেদন প্রত্যাখ্যানের বিরুদ্ধে বিএফএসসি হেলথ ডিরেক্টর-এর চিঠিপ্রাপ্রাপ্তির দশ স্কুল দিবসের মধ্যে আপিল করতে পারবেন। আপিল প্রক্রিয়াকালে আপনার সন্তান স্কুলটিতে অবস্থানের অনুমোদন পাবে।

-যদি আপিল প্রত্যাখ্যাত হয়, তাহলে আপনি সিদ্ধান্ত গ্রহণের তিরিশ (৩) দিনের মধ্যে এডুকেশন আইনের ৩১০ অনুচ্ছেদ অনুসারে প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিল করতে পারেন এনওয়াইএস কমিশনার অভ এডুকেশন-এর কাছে। আপিল প্রক্রিয়া চলাকালে আপনার সন্তান স্কুলে অবস্থানের অনুমোদন পাবে।

স্বাস্থ্যগত ছাড়

আপনি যদি স্বাস্থ্যগত ছাড় পেতে চান, তাহলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সধারী চিকিৎসকের দ্বারা "মেডিকেল রিকোয়েস্ট ফর ইম্যুনাইজেশন অ্যাক্সেমপশন ফরম' পূরণ করিয়ে আবশ্যিক এক বা একাধিক প্রতিষেধক যে আপনার সন্তানের জন্য ক্ষতিকর হতে পারে, সে মর্মে প্রত্যয়ন করতে হবে। ফরমটি স্কুলে পাওয়া যায়। কোন্ কোন্ প্রতিষেধক, কতোদিনের জন্য, আপনার সন্তানের জন্য ক্ষতিকর, সেটা ফরমে নির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। আপনার স্কুল স্বাস্থ্যগত ছাড় সংক্রান্ত সকল নথি স্কুল অফিস অব স্কুল হেলথ-এর কাছে পর্যালোচনার জন্য প্রেরণ করবে। স্থায়ী না হলে স্বাস্থ্যগত ছাড় ইস্যু করার পর থেকে এক বছরের অধিক সময়ের জন্য মঞ্জুর করা হয় না।

কোন প্রতিষেধক সম্পর্কে আপনার কোন উদ্বেগ থাকলে আপনাকে অবশ্যই আপনার সন্তানের চিকিৎসকের সাথে কথা বলতে হবে। এছাড়াও আপনি নিচের ওয়েবসাইটেও যেতে পারেন:

www.immunize.org/safety
www.cdc.gov/nip/vacsafe
www.vaccinesafety.edu
www.vaccine.chop.edu
www.immunizationinfo.org
www.iom.edu/imsafety

প্রতিষেধক নিরাপত্তা বা প্রতিষেধক গ্রহণ থেকে ছাড় সম্পর্কে কোন প্রশ থাকলে আপনি ব্যুরো অভ ইম্যুনাইজেশনে 347-396-2400 নম্বরে ফোন করতে ও এসব সমস্যা সম্পর্কে জ্ঞানসম্পন্ন কোন চিকিৎসকের সাথে কথা বলতে চাইতে পারেন।